

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

সভার স্থান : মহোদয়ের অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৭/০৮/২০২১ খ্রিঃ ।

সময় : ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর হাজির খাতায় সংরক্ষিত ।


সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সদস্য সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি কে অনুরোধ করেন। কর্মকর্তা মহোদয় প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কারও কোন আপত্তি না থাকায় অনুমোদিত ও গৃহীত হয় ।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয়, নেত্রকোণা সদর, উপজেলার সার্বিক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা শুরু করেন, পর্যায়েক্রমে সদস্যগণের মন্তব্য পেশ করার আহবান জানান ।

চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউপি মহোদয় জানান যে, ইউনিয়ন পর্যায়ে গ্রামীণ জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতের লক্ষ্যে সরকার প্রতিটি ওয়ার্ডে রুটিন ইপিআইও এন্টিজেন লক্ষ্যে অর্জন অনুযায়ী কাজ করতে হবে। সিএইচসিপিদের আরো কর্তব্য পরায়ন হইতে হবে। উক্ত ক্লিনিকে সরকার প্রদত্ত বিভিন্ন ধরনের ঔষধ বিনামূল্যে দেয়া হয়। উক্ত বিষয়ে আলোচনা প্রাক্কালে কমিউনিটি ক্লিনিকে সরকার প্রদত্ত ঔষধ রোগ নির্ধারণের প্রেক্ষিতে গ্রামীণ দরিদ্র অসহায় রোগীদের মধ্যে বিনামূল্যে বিতরণের মাধ্যমে যথাযথ সেবা প্রদানের প্রস্তাব রাখেন। তিনি আরও বলেন প্রয়োজনে কর্তব্যরত স্টাফদের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে জনগণ আরও নির্ভরযোগ্য চিকিৎসাসেবা পাবে। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন জুলাই/২১ইং মাসের কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংখ্যা ৭২১জন সনাক্ত হয়ে এবং সকলেই সুস্থ হয়।

উক্ত বিষয়ের উপর আলোচনাতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহীত হয় ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।


মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

স্মারক নং- ৩৭৮/২১


অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

০২। উপজেলা নিবাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

তারিখ - ১৭/০৮/২০২১


উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

স্মারক নং-৩৬৫

তারিখঃ ১২/০৮/২০২১ইং

নোটিশ

আগামী ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণায় সদর, উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যাভিং কমিটির সভা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
সদর, নেত্রকোণা ।

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যাভিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

প্রাপকঃ.....

নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।